

**এমপিওভুক্ত বেসরকারি
শিক্ষকরা বর্ধিত বেতন
ভাতা পাবে**

নিম্ন বার্তা পরিবেশক

এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীরা জাতীয় বেতন স্কেল, ২০০৯-এর আওতায় শিক্ষক-কর্মচারীদের জন্য প্রদেয় বর্ধিত বেতন ভাতা পাবেন। ১ জুলাই ২০০৯ থেকে তা কার্যকর হবে। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে ঐক্যবদ্ধ পদক্ষেপ গ্রহণ করেছে বলে গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নতুন বেতন কার্যকর হওয়ার পর কোন শিক্ষক-কর্মচারীর বেতন বৃদ্ধির প্রকৃত পরিমাণ ২০০০ টাকার কম হবে না। ১ জুলাই ২০০৯ হতে মহার্ঘভাতা বিলুপ্ত হবে এবং পূর্বে মহার্ঘভাতা বকেয়া বেতনের সাথে সমন্বয় করতে হবে। শিক্ষক-কর্মচারীগণ ৩০ জুন ২০০৯ তারিখে যে হারে ভাতাদি আহরণ করেছেন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত একই হারে তা গ্রাণ্য হবেন।

এদিকে বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ডিপ্লোমাধারীরা যাতে সহজে প্রকৌশল বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি নিতে পারে সে বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর মোশাররফ হোসেন বানকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।